

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে তখন সে যেন দুই রাকআত সালাত আদায় করে।

باب مَا جَاءَ إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ اللَّبُيْرِ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " إِذَا جَاءَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ قَبْلَ أَنْ يَجْلِسَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَبِي جَاءً أَحَدُكُمُ الْمَسْجِد فَلْيَرْكَعْ رَكْعتَيْنِ قَبْلُ أَنْ يَجْلِسَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَبِي خَدِيثٌ أَمِي هُرَيْرَةَ وَأَبِي ذَرِّ وَكَعْب بْنِ مَالِك . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ أَبِي قَتَادَةَ حَديثٌ خَسَنٌ صَحِيحٌ . وقَدْ رَوَى هَذَا الْحَديثَ مُحَمَّدُ بْنُ عَجْلاَنَ وَغَيْرُ وَاحِد عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ نَحْوَ رِوَايَةٍ مَالِك بْنِ أَنسٍ . وَرَوَى سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ هَذَا الْحَديثَ عَنْ عَامِر بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ نَحْوَ رِوَايَةٍ مَالِك بْنِ أَنسٍ . وَرَوَى سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ هَذَا الْحَديثَ عَنْ عَامِر بْنِ عَبْدِ اللَّهِ عَن النَّبِي عَمْر بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سُلْيَمْ الزُّرَقِيِّ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَن النَّبِي عَلْمَ الله عليه وسلم . وَهَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ وَالصَّحِيحُ حَديثُ أَبِي قَتَادَةَ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثَ عِنْدَ إَلْوَالْ الْمَدِينِي وَحَديثُ الْمُولِي إِنَّ الْمُعَلِي بْنِ الْمُعَيِي وَحَديثُ الله عَلَي وَحَديثُ الْمُعَلِ بْنِ الْمُعَلِي بْنِ الْمُدِينِي وَحَديثُ الله عَلْي بْنَ إِلْا مَنْ إِنْ الْمُعَلِي بْنِ الْمُدِينِي وَحَدِيثُ سُهَيْلِ بْنِ أَبِي عَنْ الْمَ عَلْي بْنِ الْمُدِينِي وَحَديثُ الله عَلَي بِذَلِكَ إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ عَلِي بْنِ الْمُدِينِي وَحَديثُ سُهَيْلِ بْنِ أَبِي عَالِ الْمُعَيِي .

বাংলা

৩১৬. কুতায়বা ইবনু সাঈদ (রহঃ) আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করেবে, তখন সে যেন বসার আগেই দুই রাকআত আদায় করে নেয়। - ইবনু মাজাহ ১০১৩, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির, আবৃ উমামা, আবৃ হুরায়রা, আবৃ যর ও কা'ব ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবৃ কাতাদা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি



হাসান-সহীহ। মুহাম্মাদ ইবনু আজলান প্রমূখ রাবী আমির ইবনু আবদিল্লাহ ইবনু যুবায়র (রহঃ) সূত্রে মালিক ইবনু আনাস রাদিয়াল্লাহু আনহু-এর অনুরূপ এই হাদীসটি বর্ণনা করেছেন। সুহায়ল ইবনু আবী সালিহ (রহঃ) এই হাদীসটি আমির ইবনু আন্দিল্লাহ ইবনু যুবায়র আমর ইবনু সুলায়মান আয্-যুরাকী জাবির ইবনু আবদিল্লাহ রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন। এই রিওয়ায়াতটি মাহফূয বা সংরক্ষিত নয়। আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু-এর রিওয়ায়াতটি হল সহীহ।

এই হাদীস অনুসারে আমাদের উস্তাদ ফকীহগণ আমল করেছেন। তারা বলেনঃ যদি উযর না থাকে তবে মসজিদে প্রবেশ করে বসার পূর্বেই দুই রাকআত সালাত আদায় করা মুস্তাহাব। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) বর্ণনা করেন, আলী ইবনুল মাদীনী বলেছেনঃ মুহায়ল ইবনু আবী সালিহ বর্ণিত রিওয়ায়াতটি ভুল।

English

Abu Qatadah narrated that:

Allah's Messenger said: "When one of you comes to the Masjid, then let him perform two Rak'ah before sitting."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন